গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৩২.৩১.৭৪২.২০১৯-২০৪(২৬) তারিখঃ ১৫/০৩/২০২০খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। পরিচালক (সকল) ........................................., খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। উপ-সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) ................................................।
৫। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৬। সাইলো অধীক্ষক (সকল) ........................................................।
৭। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য) চট্টগ্রাম/খুলনা।

(৩ থেকে ৭ পর্যন্ত) তাঁদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অধীনস্থ দপ্তর সমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। সংযুক্তঃ ছায়ালিপি- ০৪ পাতা।

৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
৯। অফিস কপি/ মাস্টার কপি।

১৫/০৩/২০২০
(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-৯৫৬১২০৯
e-mail: dd.est@dgfood.gov.bd

3/11/2020

প্রশাসন বিভাগ

ডাক (১২) | অফিস ব্যবস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০১৪.৩২.০০২.১৯.৫২ তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৬
০৮ মার্চ ২০২০

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সারোয়ার মাহমুদ
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৮-৩-২০২০
অনিমা রাণী বিশ্বাস
উপ-সচিব
ফোন: +৮৮০২৯৫১৫৮৮৮
ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৪
ইমেইল: admin2@mofood.gov.bd

১) অতিরিক্ত সচিব, প্রশাসন, খাদ্য মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
৩) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
৪) অতিরিক্ত সচিব, বাজেট-২ শাখা, খাদ্য মন্ত্রণালয়
৫) অতিরিক্ত সচিব, আইন কোষ, খাদ্য মন্ত্রণালয়
৬) অতিরিক্ত সচিব , সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
৭) মহাপরিচালক, মহাপরিচালক (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়
৮) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
৯) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
১০) যুগ্মসচিব, প্রশাসন-১ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়
১১) যুগ্ম-সচিব, তদন্ত, খাদ্য মন্ত্রণালয়
১২) যুগ্ম সচিব, সমন্বয় ও সংসদ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়
১৩) উপ-সচিব, অভ্যন্তরীন প্রশাসন-২, খাদ্য মন্ত্রণালয়
১৪) উপ সচিব, প্রশাসন-২ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়
১৫) উপ সচিব, সরবরাহ শাখা, খাদ্য মন্ত্রণালয়
১৬) উপ-সচিব (অডিট-১), অডিট-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়
১৭) উপসচিব , আইন কোষ, খাদ্য মন্ত্রণালয়
১৮) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
১৯) উপসচিব (অডিট-২), অডিট-২ শাখা, খাদ্য মন্ত্রণালয়
২০) উপ-সচিব, অভ্যন্তরীণ প্রশাসন-১, খাদ্য মন্ত্রণালয়
২১) উপ-সচিব, সেবা শাখা, খাদ্য মন্ত্রণালয়
২২) উপ-প্রধান , পরিকল্পনা অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়

জয় বাংলা

মুজিববর্ষ

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং-জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৪৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৬
২৭ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানসহ বছরব্যাপী অনুষ্ঠান আয়োজন।

সূত্র: জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/৫২৪, তারিখ: ০২ ডিসেম্বর ২০১৯

দেশজুড়ে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদ্‌যাপিত হবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। এ লক্ষ্যে ১৭ই মার্চ ২০২০ হতে ২৬শে মার্চ ২০২১ সময়কালকে সরকার কর্তৃক "মুজিববর্ষ" হিসাবে ঘোষণা করে বর্ষব্যাপী বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সরকারি-বেসরকারি দপ্তর, সংস্থা, সংগঠনের সঙ্গে আলোচনাক্রমে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণীত হয়েছে। গত ১০ই জানুয়ারি মুজিববর্ষের ক্ষণগণনা শুরু হয়েছে। ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন হতে যাচ্ছে। কেন্দ্রীয়ভাবে ঢাকাস্থ জাতীয় প্যারেড স্কয়ারে উদ্বোধনী আয়োজনে শত শিশুর কণ্ঠে জাতীয় সংগীত ও শিশু সংগীত, থিম সংগীত, যন্ত্রসংগীত, আতশবাজি, সাংস্কৃতিক পরিবেশনাসহ স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধুর জীবন ও রাজনৈতিক সংগ্রাম বিষয়ে আলোচনা ও তাঁর স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনের কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে। কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা ও অন্যান্য সরকারি দপ্তরসহ স্থানীয় প্রশাসন সূত্রোক্ত স্মারক সম্বলিত পত্রের অধিকতর স্পষ্টীকরণ হিসাবে আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে উদ্বোধন অনুষ্ঠান উদ্‌যাপনসহ প্রযোজ্য ক্ষেত্রে বছরব্যাপী নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ গ্রহণের বিষয়ে বিশেষভাবে বিবেচনা করতে পারে:

- ১৭ই মার্চ ২০২০ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সকল সরকারি, বেসরকারি ভবনে ১৭ই মার্চ ২০২০ তারিখে জাতীয় পতাকা উত্তোলন;
- মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক ১৭ই মার্চ, ২০২০ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার। উল্লেখ্য, স্ব স্ব দপ্তর ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম ও লোগো ব্যবহার করতে পারবে;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন (প্রযোজ্য ক্ষেত্রে);
- মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন ইত্যাদি;
- ১৭ই মার্চ ২০২০ তারিখে জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে শিশু-কিশোর সমাবেশসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজন;
- মুজিববর্ষ উদ্‌যাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা;

- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসবমুখর পরিবেশে বিভিন্ন অনুষ্ঠান যেমন: সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, রচনা, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বইমেলা, কবিতা আবৃত্তি, আনন্দভোজ ইত্যাদির আয়োজন।
- সকল প্রতিষ্ঠান বিশেষত শিক্ষা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ মুজিববর্ষব্যাপী জাতীয় পতাকার সাথে মুজিববর্ষের লোগো সম্বলিত পতাকা ব্যবহার করতে পারে। পতাকার ডিজাইন ওয়েবসাইটে (www.mujib100.gov.bd) দেয়া আছে;
- এছাড়া ওয়েবসাইটে জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন পোস্টারের টেমপ্লেট দেয়া আছে। কোন সংস্থা বা প্রতিষ্ঠান উক্ত পোস্টার মুদ্রণ করে অথবা ড্রপডাউন ব্যানার হিসাবে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে পারে এবং সেক্ষেত্রে পোস্টারের নিচে সৌজন্যে সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নাম ব্যবহার করা যাবে। তবে কোন ব্যক্তির ছবি ব্যবহার করা সমীচীন হবে না;
- ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে সেগুলো যেকোন প্রতিষ্ঠান/সংস্থা কোনরূপ সংযোজন-বিয়োজন বছরব্যাপী তাদের অনুষ্ঠানে ব্যবহার করতে পারবে;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্যুভেনির, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহ ও সহায়তা প্রদান করা;
- নিজ অধিক্ষেত্রে বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থান যদি থাকে সে সকল স্থানে স্থানীয় প্রশাসন গুরুত্ব দিয়ে আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন করবে;
- জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত এর বহুল ব্যবহার;
- বিভিন্ন গুরুত্বপূর্ণ গ্রোথ সেন্টারে বঙ্গবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন করা;
- জন্মশতবার্ষিকী উপলক্ষে স্থানীয়ভাবে আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ;
- সম্ভাব্য ও প্রযোজ্য ক্ষেত্রে আতশবাজি ও লেজার শো এর আয়োজন;
- জন্মশতবার্ষিকীর কর্মসূচি বাস্তবায়নের সময় বিভিন্ন সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণ।

২। ১৭ই মার্চ ২০২০ তারিখে উদ্বোধনের দিন দেশের সকল বিভাগীয় ও জেলা শহর এবং সিটি কর্পোরেশনসমূহ দিনব্যাপী উপর্যুক্ত নিজস্ব কর্মসূচি পালনের পাশাপাশি বিকাল ৪:০০টা থেকে কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে নির্ধারিত স্থানে বিশেষ ব্যবস্থাপনায় অনুষ্ঠানের সঙ্গে সরাসরি যুক্ত হবে। এ লক্ষ্যে জেলা ও সিটি কর্পোরেশনসমূহের গুরুত্বপূর্ণ স্থানে LED স্ক্রিন/প্রজেক্টরের মাধ্যমে উক্ত অনুষ্ঠান সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়াও উপজেলা/ইউনিয়ন পর্যায়ে প্রয়োজনে শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের সুবিধাদি ব্যবহার করে কেন্দ্রীয় অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করা যাতে স্থানীয় জনগণ কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান সরাসরি উপভোগ করতে পারে। স্থানীয় প্রশাসন ও স্থানীয় সরকার সংস্থাসমূহ কেন্দ্রীয় অনুষ্ঠান সম্প্রচারের আগে/পরে নিজস্ব আয়োজনে অনুষ্ঠান করতে পারে।

৩। জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণ অথবা এ কার্যালয়ের মিডিয়া সেন্টারে সংরক্ষিত বঙ্গবন্ধু সংশ্লিষ্ট ভিডিও ফুটেজ/ছবি প্রয়োজন হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের নিয়োক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে:

(১) সৈয়দ নাসির এরশাদ, যুগ্মসচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৭, মোবাইল: +৮৮০১৭২০১৭০৮৮৮

(২) দিপন দেবনাথ, প্রধান সমন্বয়কের একান্ত সচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৫ মোবাইল: +৮৮০১৭৮৩৫২৫২৮৫

(৩) ইফতেখার ইউনুস, সিনিয়র সহকারী সচিব
মোবাইল: +৮৮০১৯৩৩৮২৪৮১৮
ই-মেইল: bangabandhu100@gmail.com

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
প্রধান সমন্বয়ক
ফোন: ০২-৫৫১৩০৩২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব ... ... ... ... ... ... ... ... ... ..... ... ... ... ... ... ...(সকল)।
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব ... ... ... ... ... ... ... ... ... ..... ... ... ... ... ... ... ... ...(সকল)।
৪। বিভাগীয় কমিশনার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... (সকল বিভাগ)।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...(সকল সিটি কর্পোরেশন)।
৬। জেলা প্রশাসক ... ... ... ... ...... ... ... ... ... ... ... ... ... ... ...(সকল জেলা)।
৭। উপজেলা নির্বাহী অফিসার, ... ... ... ... ..... ... ... ... ... ... ... ...(সকল উপজেলা)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা / প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. মেয়রের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) ... ... ... ... ... (সকল সিটি কর্পোরেশন)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৯.২০.১৫৮

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬ / ০৩ মার্চ ২০২০

বিষয়: আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানসহ বছরব্যাপী অনুষ্ঠান আয়োজন।

সূত্র: (১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির স্মারক নম্বর: জ:শ:উ:/জা:বা:ক/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৪৪ তারিখ: ২৭.০২.২০২০

(২) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির স্মারক নম্বর: জ:শ:উ:/জা:বা:ক/কর্মপরিকল্পনা-০১/২০১৯/৫২৪ তারিখ: ০২.১২.২০১৯

আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন হবে। কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠানের সঙ্গে সামঞ্জস্য রেখে ইতঃপূর্বে সূত্রস্থ (২) নম্বর স্মারকে জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনার অধিকতর স্পষ্টীকরণ সূত্রস্থ (১) নম্বর স্মারকে করা হয়েছে। স্পষ্টীকরণের আলোকে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা ও অন্যান্য সরকারি দপ্তরসহ স্থানীয় প্রশাসন উদ্বোধন অনুষ্ঠান উদ্‌যাপনসহ প্রযোজ্য ক্ষেত্রে বছরব্যাপী কতিপয় কর্মসূচি গ্রহণের বিষয়ে বিশেষভাবে বিবেচনা করতে পারে।

০২। এমতাবস্থায়, জাতীয় বাস্তবায়ন কমিটির সূত্রস্থ (১) নম্বর স্মারকের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে তিন পৃষ্ঠা।

(মোহাম্মদ আলতাফ হোসেন)
উপসচিব (সংযুক্ত)
ফোন: ৯৫৪৬২৮২
ই-মেইল: mujib100@cabinet.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
২. সিনিয়র সচিব/সচিব, ... ... ... ... ... ... ... ... ... ... ... মন্ত্রণালয়/বিভাগ;
৩. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
৪. বিভাগীয় কমিশনার (সকল);
৫. জেলা প্রশাসক (সকল);ও
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল);

অনুলিপি:
প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি।